গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫।
www.niport.gov.bd

নং-নিপোর্ট/প্রশা/ওপি(টিআরডি)/নিয়োগ/১০৬৮(২৫৭০)/২০১৯-১২

তারিখ : ১৭ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ এপ্রিল ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয় : **স্বাক্ষরিত নিয়োগ বিজ্ঞপ্তি প্রেরন সংক্রান্ত।**

সূত্র : নং-নিপোর্ট/প্রশা/ওপি(টিআরডি)/নিয়োগ/১০৬৮(২৫৭০)/১৯-২৬৯ তারিখ: ২৫.০২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিয়য় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এর ৪র্থ স্বাস্থ্য জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির আওতাধীন "ট্রেনিং রিচার্স এন্ড ডেভলপমেন্ট(টিআরডি)" শীর্ষক অপারেশন প্লানের উন্নয়নখাতভুক্ত সহকারী প্রোগ্রামার-১টি, হিসাবরক্ষণ অফিসার-১টি ও হিসাবরক্ষক-১টি শূন্য পদে জনবল নিয়োগ কার্যক্রমে অনলাইনে আবেদনপত্র গ্রহণ, প্রবেশপত্র তৈরি, ছবিযুক্ত হাজিরাসিট তৈরি, প্রার্থীদের এসএমএস প্রদানসহ যাবতীয় কারিগরি কাজ সম্পন্ন করার নিমিত্ত সূত্রোক্ত স্মারকে খসড়া নিয়োগ বিজ্ঞপ্তি প্রেরণ করা হয়।

২। এ লক্ষ্যে চূড়ান্ত ও স্বাক্ষরিত নিয়োগ বিজ্ঞপ্তির কপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো। বিষয়টি জরুরি।

৩০/০৪/১৯

(সামিহা ফেরদৌসী)
উপপরিচালক (প্রশাসন) ও উপসচিব
ফোন: ৫৮৬১৭৩১৩
ই-মেইল : samiha.ferdousi74@gmail.com

মহাব্যবস্থাপক
মার্কেটিং অ্যান্ড ভ্যালু এডেড সার্ভিসেস,
টেলিটক বাংলাদেশ লিমিটেড,
রাজউক, কমার্শিয়াল কমপ্লেক্স,
হোল্ডিং #৩/এ, ৫/এ, ৭/এ
রোড#১৭. গুলশান-১
ঢাকা-১২১২।

অনুলিপি :
১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, নিপোর্ট, (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

E/Recruitment/2019/Meeting

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/১ শেখ সাহেব বাজাররোড, আজিমপুর-১২০৫
www.niport.gov.bd

নং-নিপোর্ট/মপ-৫০(এ-৩)/টিআরডি/জনবল নিয়োগ/২০১৮-৯১ তারিখ: ১৭ বৈশাখ ১৪২৫ বঙ্গাব্দ
৩০ এপ্রিল ২০১৯ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১০.০৯.২০১৮ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১২৬.০২.০১৫.২০১৮-১৬০ নং স্মারকের পরিপ্রেক্ষিতে জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট) এর ৪র্থ স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি সেক্টর কর্মসূচির আওতাধীন "ট্রেনিং রিসার্স এন্ড ডেভেলপমেন্ট (টিআরডি)" শীর্ষক অপারেশনাল প্লানের মেয়াদকালীন (জুন-২০২২ পযন্ত) উন্নয়ন খাতে সৃজিত নিম্নলিখিত পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রম	পদের নাম, গ্রেড ও বেতনস্কেল	বেতন স্কেল	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২		৩	৪	৫
০১	সহকারী প্রোগ্রামার গ্রেড-৯	সাকুল্য বেতন ৩৫,৬০০/-	০১টি	অনূর্ধ্ব ৩০ বছর	ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ বিজ্ঞান/ফলিত পদার্থ বিদ্যা/গণিত/পরিসংখ্যান/বাণিজ্য/অর্থনীতি/ব্যবসা প্রশাসনে স্নাতকোত্তর ডিগ্রি অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রি। খ. প্রোগ্রামিং এর জন্য অবশ্যই Standard Aptitude Test (SAT) এ উত্তীর্ণ হতে হবে। গ. যে কোন স্বীকৃত পেশাভিত্তিক কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য (Associate Membership) হতে হবে।
০২	হিসাবরক্ষণ অফিসার গ্রেড-৯	সাকুল্য বেতন ৩৫,৬০০/-	০১টি	অনূর্ধ্ব ৩০ বছর	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাব বিজ্ঞান বা ব্যবসা প্রশাসন বা মার্কেটিং বা ব্যবস্থাপনা বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে সম্মান/স্নাতক ডিগ্রি বা অন্যূন ৪ (চার) বছর মেয়াদি দ্বিতীয় শ্রেণির বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি।
০৩	হিসাবরক্ষক গ্রেড-১৪	সাকুল্য বেতন ১৮,৩০০/-	০১টি	অনূর্ধ্ব ৩০ বছর	ক. কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য শাখায় অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। খ. হিসাবরক্ষণ কর্মে অন্যূন ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা এবং গ. কম্পিউটার পরিচালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকতে হবে।

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অনুসরণ করতে হবে :

১। ৩০.০৫ ২০১৯ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ৪ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সমীমা ৩২ বছর। ১০.০৫.২০১৯ খ্রি. তারিখ সকাল ১০.০০ টা হতে ৩০.০৫ ২০১৯ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে;
২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;
৩। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত বিদ্যমান সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;
৪। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে ১নং ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন;
৫। আবেদনকারীকে পরীক্ষার ফি ও রেজিস্ট্রেশন ফি বাবদ ক্রমিকনং ০১ ও ০২ এর জন্য ৫৬০/- টাকা এবং ক্রমিকনং ০৩ এর জন্য ১১২/- টাকা জমা দিতে হবে;
৬। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন এবং Online Application form এর কপি ও নিম্নোক্ত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে:
(ক) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ
(খ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে আবেদনকারীকে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি
(গ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্রের সত্যায়িত ফটোকপি
(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি
৭। এ নিয়োগ সম্পূর্ণ সাকুল্য বেতনে চুক্তিভিত্তিক অপারেশন প্ল্যানের মেয়াদের (জুন ২০২২ পর্যন্ত) জন্য প্রযোজ্য হবে । প্রকল্পের মেয়াদ শেষে পদসমূহ স্বয়ংক্রিয়ভাবে বিলুপ্ত হবে এবং নিয়োগপত্রই অব্যাহতিপত্র হিসেবে গণ্য হবে;
৮। নিয়োগের জন্যে নির্বাচিত প্রার্থীকে নিপোর্ট প্রধান কার্যালয়ে পদায়ন করা হবে;
৯। কর্তৃপক্ষ প্রয়োজনে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;
১০। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের সময় সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে;
১১। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;
১২। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী: প্রার্থীগণ http://niport2.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। এছাড়া ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী এবং অন্যান্য শর্ত ও আবেদনপত্র পূরণ সংক্রান্ত তথ্যাবলী বর্ণিত ওয়েবসাইট থেকে জানা যাবে। নিয়োগ বিজ্ঞপ্তি নিপোর্টের ওয়েবসাইটে (www.niport.gov.bd) পাওয়া যাবে;
১৩। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টি,এ/ডি,এ প্রদান করা হবে না;
১৪। সরাসরি বা ডাকযোগে প্রেরিত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য নয়।

৩০/৪/১৯
(নিমাই চন্দ্র পাল)
পরিচালক (প্রশাসন)
প্রোগ্রাম ম্যানেজার এবং সদস্য সচিব
নিয়োগ কমিটি (টিআরডি), নিপোর্ট

E Drive- TRD